

এইচএসসি ও সমমান পরীক্ষা

ইংরেজি দ্বিতীয় পত্রে সর্বোচ্চ বহিষ্কার, ২৫ হাজার অনুপস্থিত



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৪ জুলাই ২০২৫ | ০৫:৫৯



এইচএসসি ও সমমান পরীক্ষার চতুর্থ দিনে গতকাল বৃহস্পতিবার সারাদেশে অনুপস্থিত ছিলেন ২৫ হাজার ৬৪৫ পরীক্ষার্থী। এদিন পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সর্বোচ্চ সংখ্যক ৯৩ পরীক্ষার্থী বহিষ্কার হয়েছেন। তাদের মধ্যে ৭৩ জন এইচএসসি, ছয়জন আলিমের এবং ১৪ জন কারিগরির।

গতকাল বৃহস্পতিবার বিকেলে ১১টি শিক্ষা বোর্ডের মোর্চা বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ তথ্য জানিয়েছে।

জানা গেছে, বৃহস্পতিবার এইচএসসির ৯টি সাধারণ ধারার শিক্ষা বোর্ডের অধীন ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষায় ৯ লাখ ৯২ হাজার ১০১ পরীক্ষার্থী অংশ নেন। এতে অনুপস্থিত ছিলেন ১৮ হাজার ৯১৪ পরীক্ষার্থী। ১ হাজার ৬০০টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

অসদুপায় অবলম্বনের দায়ে এদিন সাধারণ শিক্ষা বোর্ডগুলোয় ৭৩ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এদিকে, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিমে বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় ৭৯ হাজার ৪৪৩ জন পরীক্ষার্থী অংশ নেন। দেশের ৪৫৯টি কেন্দ্রে অনুপস্থিত ছিলেন ৪ হাজার ৭০০ জন। অনুপস্থিতির হার ৫ দশমিক ৫৯ শতাংশ। এ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ছয় পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

অন্যদিকে, কারিগরি বোর্ডে অধীনে এইচএসসিতে (বিএম/বিএমটি) বিজনেস ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন্স বিষয়ের পরীক্ষায় পরীক্ষায় ৯৯ হাজার ৩৬৬ পরীক্ষার্থী অংশ নেন। দেশের ৭৩৩টি কেন্দ্রে অনুষ্ঠিত এ পরীক্ষায় অনুপস্থিত ছিলেন ২ হাজার ৩১ জন। অনুপস্থিতির হার ২ শতাংশ। এ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৪ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এদিন ৯টি বোর্ডের অনুপস্থিত ছিলেন ১৮ হাজার ৯১৪ জন, যা ইংরেজি প্রথম পত্র পরীক্ষার চেয়েও বেশি। দেশের সাধারণ ৯টি শিক্ষা বোর্ডের অধীনে ১ হাজার ৬০০টি কেন্দ্রে ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়।